

U.G. 3rd Semester Examination - 2021**BENGALI****Course Code : BBNGCCHT302****Course Title : আধুনিক কাব্য কবিতা**

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘন্টা

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

- ক) 'ইচ্ছা করে দাসী হয়ে সেবি পা দুখানি।' — কার দাসী হতে ইচ্ছে করে?
- খ) 'বীরঙ্গনা' কাব্যটি কার প্রতি উৎসর্গ করা হয়েছে?
- গ) 'লয়ে ফুলবৃন্ত, কান্ত, নয়ন কাজলে/লিখিনু' — বক্তা কে?
- ঘ) 'বিতংসে কেবা বাঁধে কেশরীরে?' — বিতংস ও কেশরী শব্দদুটির অর্থ লেখো।
- ঙ) বালকণ্ঠ -সমুখিত নবীন উদ্গীথ' — 'উদ্গীথ' শব্দের অর্থ লেখো
- চ) 'বাড়ুক সৌভাগ্য তব এ প্রার্থনা করি' — কে কার জন্য এ প্রার্থনা করেছেন?
- ছ) 'সায়াহু - ছাব্বিশে চৈত্র - তের শত সন' — এই দিনটি গুরুত্বপূর্ণ কেন?

- জ) 'তাই মনে হয় এটা বড় শুভদিন' — কোন্ দিনকে কবির শুভদিন বলে মনে হয়েছে?
- ঝ) 'বর্তমানের কবি আমি ভাই, ভবিষ্যতের নই নবী' — 'নবী' বলতে কী বোঝানো হয়েছে?
- ঞ) 'আমার প্রেমের পথে বার বার দিয়ে গেছে বাধা' — কে কবির প্রেমের পথে বার বার বাধা দিয়ে গেছে?
- ট) 'কাস্তে' কবিতায় উল্লেখিত যুদ্ধাপ্তগুলির নাম লেখো।
- ঠ) 'কে আশাবরী শোনায় বারবার' — 'আশাবরী' কী?
- ড) 'হে সারথী আজি মম সফল জীবন।' — উদ্ধৃতাংশটির বক্তা কে?

- ঢ) ইরম্মদ কথাটির অর্থ লেখো।
- ণ) কোন সর্গে রুদ্রপীড় নিহত হয়েছে?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ক) 'হায়, পাগলিনী জনা!' — জনা নিজেকে পাগলিনী বলেছে কেন?
- খ) 'তুমি ভেঙে দিবে তার ভ্রান্তিময়ী খেলা।' — উক্তিটির তাৎপর্য লেখো।
- গ) 'আজ বসন্তের শূন্য হাত' — বসন্তের হাত শূন্য কেন?
- ঘ) রুদ্রপীড়ের শেষ ইচ্ছা কী ছিল?
- ঙ) 'হে ইন্দ্র মেঘবাহন, শূনিয়াছ মম পণ' — উক্তিটি কার? বক্তার কী পণ ছিল?

- চ) 'যে দিন, — কুদিন তারা বলিবে কেমনে?' — কোন্ দিনের কথা বলা হয়েছে?
- ছ) 'তারপর দড়াম করে দরজা বন্ধ হবার শব্দ।' — কে কখন এভাবে দরজা বন্ধ করেছিল?
- জ) গঠন রীতির দিক থেকে 'পুরুলিয়া' কোন্ শ্রেণির কবিতা?
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$
- ক) শোককবিতা হিসেবে 'বঙ্কিম বিদায়' কবিতাটির সার্থকতা সংক্ষেপে লেখো।
- খ) 'কান্তে' কবিতাটির মর্মার্থ সহজ ভাষায় লেখো।
- গ) প্রতিবাদী নারী হিসেবে 'জনা' চরিত্রটি সংক্ষেপে লেখো।
- ৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$
- ক) উনিশ শতকের গীতি কবিতার বিশেষত্বগুলি পাঠ্য কবিতা অবলম্বনে বুঝিয়ে লেখো।
- খ) 'বৃত্তসংহার' কাব্যটি মহাকাব্য হিসেবে কতখানি সার্থক হয়েছে, তা আলোচনা করো।
- গ) 'অন্ধকারে মুখ চাপা দিয়ে
দড়ি পাকানো সেই গাছ
তখনও হাসছে।' — দড়িপাকানো গাছটির হাসির তাৎপর্য কবিতাটি অবলম্বনে লেখো।
-